ক্ষমতাসীন কমিউনিস্ট পার্টির পলিটব্যুরো স্ট্যান্ডিং কমিটির কাছ থেকে সোমবার এ বিরল স্বীকারোক্তি এসেছে বলে জানিয়েছে বিবিসি। কমিটি চীনের জরুরি ব্যবস্থাপনায় উন্নতি সাধনে ব্যবস্থা গ্রহণের পাশাপাশি দেশজুড়ে থাকা অবৈধ বন্যপ্রাণী কেনাবেচার বাজারে সাঁড়াশি অভিযান চালাতেও নির্দেশ দিয়েছে। বিশ্বজুড়ে আতঙ্ক সৃষ্টি করা নভেল করোনা ভাইরাসটি হুবেই প্রদেশের রাজধানী উহানের একটি বন্যপ্রাণী কেনাবেচার বাজার থেকে ছড়িয়েছে বলে ধারণা করা হচ্ছে। কয়েক সপ্তাহের মধ্যে নিউমোনিয়া সদৃশ নতুন এ ভাইরাস ৪২৫ জনের প্রাণ কেড়ে নিয়েছে; আক্রান্তের সংখ্যা ছাড়িয়েছে ২০ হাজারের বেশি। ভুলত্রুটি ও সীমাবদ্ধতার পাল্টায় আমাদের অবশ্যই জাতীয় জরুরি ব্যবস্থাপনা এবং জরুরি ও বিপজ্জনক কর্মকাণ্ড মোকাবিলায় আমাদের সক্ষমতার উন্নতি ঘটানো প্রয়োজন। বাজারগুলোতে নজরদারি, অবৈধ বন্যপ্রাণী কেনাবেচা ও সংশ্লিষ্ট বাজারগুলো সম্পূর্ণ নিষিদ্ধ এবং সেখানে সাঁড়াশি অভিযান চালানো জরুরি হয়ে পড়েছে, প্রতিবেদনে বলেছে চীনা কমিউনিস্ট পার্টির পলিটব্যুরো স্ট্যান্ডিং কমিটি।

প্রাণঘাতী করোনা ভাইরাস মোকাবিলায় চীনের ভুলত্রুটি ও সীমাবদ্ধতার কথা স্বীকার করে নিয়েছে দেশটির শীর্ষ নেতৃত্ব —ইন্টারনেট

তুরস্ক ও রাশিয়ার একসঙ্গে বসা দরকার : এরদোগান

মানবকণ্ঠ ডেস্ক

রিসেপ তায়েপ এরদোগান

তুরস্কের প্রেসিডেন্ট রিসেপ তায়েপ এরদোগান বলেছেন, কোনো ধরনের ক্ষোভ ছাড়াই সিরিয়ার ইদলিব সংঘাত নিয়ে বিবাদ দূর করা উচিত মস্কো ও আঙ্কারার। রাশিয়া ও তুরস্কের মধ্যে সহযোগিতা দুর্বল হয়ে পড়ায় সহিংস প্রতিকূলতার মধ্যে নতুন করে উত্তেজনা দেখা দিয়েছে। সিরিয়ার ৯ বছরের যুদ্ধে পরস্পর বিপরীত পক্ষকে সমর্থন দিচ্ছে দুই দেশ। লিবিয়ায়ও এমন ঘটনা ঘটতে দেখা গেছে। কিন্তু বেশ কয়েকটি রক্তক্ষয়ী হামলা প্রতিরোধে তারা একসঙ্গে কাজ করেছে। এছাড়া সাম্প্রতিক বছরগুলোতে দুই দেশের মধ্যে ঘনিষ্ঠ প্রতিরক্ষা সম্পর্ক তৈরি করতেও দেখা গেছে। সোমবার রুশ-সমর্থিত সিরীয় বাহিনীর হামলায় আট তুর্কি সেনা নিহত হয়েছে। এতে ২০১৮ সালের পর থেকে রাশিয়া-তুর্কি সম্পর্কে বড় ধরনের প্রতিকূলতা দেখা দিয়েছে। সোমবার যখন কয়েক ডজন লক্ষ্যবস্তুতে প্রতিশোধমূলক হামলা চালিয়েছে তুরস্ক, রুশ বাহিনীকে তখন সরে যেতে বলেছেন এরদোগান। এরপর ইদলিবে তুরস্কের অতিরিক্ত সেনা মোতায়েনের বিষয়টি রাশিয়াকে বলা হয়েছে কিনা তা নিয়ে তর্কে জড়িয়েছে মস্কো-আঙ্কারা। ইউক্রেন থেকে একটি ফ্লাইটে ফিরে আসার সময় সাংবাদিকদের এরদোগান বলেন, বর্তমান পর্যায়ে রাশিয়ার সঙ্গে বড় ধরনের বিরোধিতা কিংবা সংঘাতে জড়িয়ে পড়ার দরকার আছে বলে মনে করি না।

এরদোগান বলেন, আমরা অবশ্যই আসবো এবং সব বিষয়ে আলোচনা করব। তবে সেটা ক্ষোভ নিয়ে না। যারা ক্ষোভ নিয়ে আলোচনা করেন, তাদের ক্ষতি বাড়ার আশঙ্কা রয়েছে। সিরীয় প্রেসিডেন্ট বাসার আল-আসাদকে সমর্থন দিচ্ছে রাশিয়া। বিপরীতে তাকে ক্ষমতাচ্যুত করতে চাওয়া বিরোধীদের সমর্থন দিয়ে আসছে তুরস্ক।

প্রধানমন্ত্রীর সাবেক স্ত্রীকে হত্যায় অভিযুক্ত ফার্স্ট লেডি

মানবকণ্ঠ ডেস্ক

আফ্রিকার দেশ লেসোথোর প্রধানমন্ত্রীর সাবেক স্ত্রীকে হত্যায় অভিযুক্ত হয়েছেন তার বর্তমান স্ত্রী। মঙ্গলবার প্রতিবেশি দক্ষিণ আফ্রিকা থেকে ফিরে ফার্স্ট লেডি মায়েসিয়া থাবানে পুলিশের কাছে আত্মসমর্পণ করেছেন। ওই হত্যাকাণ্ড নিয়ে প্রধানমন্ত্রী থমাস থাবানেকেও জিজ্ঞাসাবাদ করা হয়েছে। ২০১৭ সালে থমাস থাবানে লেসোথোর প্রধানমন্ত্রী হিসেবে দায়িত্ব নেয়ার দুই দিন আগে নিজ বাড়ির বাইরে গুলিবিদ্ধ হয়ে নিহত হন তার তৎকালীন স্ত্রী লিপোলেলো থাবানে। ওই সময়ে তাদের মধ্যে ডিভোর্সের আলোচনা চলছিল। ওই সময়ে হত্যাকাণ্ডের জন্য অজ্ঞাত বন্দুকধারীদের দায়ী করা হয়। তবে সম্প্রতি পুলিশ কমিশনার হলোমো মোলিবেলির আদালতে দাখিল করা নথিপত্রে নতুন করে বেশকিছু প্রশ্ন উত্থাপিত হয়। এরপরই দেশ ছাড়েন মায়েসিয়া থাবানে। গত দশ জানুয়ারি ৪২ বছর বয়সী এই নারীর বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারি করা হয়। দেশটির পুলিশের মুখপাত্র এমপিতি মোপেলি জানিয়েছেন, পুলিশ ও আইনজীবীদের মধ্যে সমঝোতার পর মায়েসিয়া থাবানেকে দক্ষিণ আফ্রিকার সীমান্ত থেকে তুলে আনা হয়। তাকে পুলিশ হেফাজতে রাখা হয়েছে জানিয়ে পুলিশ কমিশনার হলোমো মোলিবেলি বলেন, বুধবার তার বিরুদ্ধে আনুষ্ঠানিক অভিযোগ গঠন করা হবে। ফরাসি বার্তা সংস্থা এফপির হাতে পাওয়া এক নথিতে দেখা গেছে, গত ২৩ ডিসেম্বর পুলিশ প্রধান প্রধানমন্ত্রী থমাস থাবানেকে একটি চিঠি লেখেন।

ব্র্যাক ব্যাংক লিমিটেড

হেড অফিস, অনিক টাওয়ার, ২২০/বি, তেজগাঁও লিংক রোড, ঢাকা-১২০৮

বন্ধকী সম্পত্তির নিলাম বিক্রয়ের বিজ্ঞপ্তি

অর্থঋণ আদালত আইন ২০০৩-এর ১২ (৩) ধারা অনুসারে

এতদ্বারা সর্বসাধারণকে জানানো যাইতেছে যে, **Mr. Md. Mostafizul Alam**, Son of Late Samsul Alam, Proprietor- **M/S. GAUSIA BHANDARI IRON MART**, Address : Sagorika Road, Janata Iron Market, Pahartali, Chattogram.-এর নিকট ব্র্যাক ব্যাংক লিমিটেড-এর Loan বাবদ গত ০১.০২.২০২০ তারিখ পর্যন্ত ৬২,৯১,৩২০.৯৩ (কথায়: বাষট্টি লক্ষ একানব্বই হাজার তিনশত বিশ দশমিক নয় তিন পয়সা মাত্র) পাওনা রহিয়াছে। উক্ত ঋণ গ্রহিতা ঋণ পরিশোধের নিশ্চয়তাস্বরূপ তাহার নিম্ন তফসিল বর্ণিত স্থাবর সম্পত্তি রেজিষ্ট্রিকৃত বিগত ২৮.০৬.২০১৮ তারিখে বন্ধকী দলিল নং ৩৫৯৫-এর মাধ্যমে ব্র্যাক ব্যাংক লিঃ-এর নিকট দায়বদ্ধ রাখিয়াছেন এবং একই তারিখে সম্পাদিত ও রেজিষ্ট্রিকৃত ৩৫৯৬নং আম-মোক্তারনামা দলিলের মাধ্যমে বন্ধকী সম্পত্তি বিক্রয়ের ক্ষমতা প্রদান করিয়াছেন। ঋণ বাবদ পাওনা টাকা উক্ত ঋণ গ্রহীতা পরিশোধ করিতে ব্যর্থ হওয়ায় ব্র্যাক ব্যাংক লিঃ পাওনা আদায়ের নিমিত্তে উক্ত বন্ধকী দলিল ও আম-মোক্তারনামা বলে তফসিল বর্ণিত বন্ধকী স্থাবর সম্পত্তি নিলামের মাধ্যমে বিক্রয়ের জন্য নিম্নবর্ণিত শর্তে সীলমোহরকৃত দরপত্র আহ্বান করিতেছে।

Schedule of the Mortgage Property

Schedule 01:

All that piece and parcel of land measuring an area 4.00 (Four Point Zero Zero) Decimal Nul land together with all rights, interests, title, easements etc. attached thereto situated within the District- Chittagong, P.S- Sitakunda, J.L No. 60, Mouza-Bhatiary, Sub Registry office-Sitakunda Chattogram, attached thereto or appertaining to the scheduled property under the following Khatian and Dag:

Name of the Khatian	Khatian No.	Dag No.
R.S	2224,2218	2111,2143
P.S	2217,2211	2111, 2143
B.S	1545,1004	1842, 1838
Present B.S Mutation	6343	1842, 1838
Mutation Case No. 4-1149/16. Order Date-06.11.2016	Land measuring : 4.00 Decimal Nul Land	

Butted and Bounded by(as per valuation):

On the North: Residential Building of Badiul Alam, **On the South:** Residential Building of Md. Abul Hussain, **On the East:** Property of Sajin Khatun& Md. Ashraf, **On the West:** 10 ft wide Road. Along-with all structure & building constructed and or to be constructed thereon together with all rights, title, interest, benefits and easements etc. attached to scheduled property.

Schedule 02:

All that premises of 01 (one) shop being No.244, area of Floor Space measuring 118.50 (One Hundred Eighteen point Five Zero) Sft. Or 11.01 Squire Meter along with common space, occupying on 1st floor of a 14 (fourteen) storied residential & commercial building under the project name "CONCORD KHULSHI TOWN CENTER" along with the proportionate share of undivided & demarcated land measuring 0.032 decimal or 0.0194 katha out of the total land measuring 96.74 decimal equivalent to 58.63 katha, together with all common rights & connecting facilities annuities and right of easement etc. adjuncts to the said land & building, situated within District: Chattogram, Police Station: former Doublemooring at present Khulsi, J.L. No. 06, Sub-Registry Office: Sadar, Chattogram, Mouza: South Pahartali, attached thereto or appertaining to the schedule property under the following Khatian & Dag Nos are as follows:

R.S	350,419	1024,1010
B.S	673,179	2660, $^{2667}/_{2706}$, 2667
Present B.S Mutation	2794	2660, $^{2667}/_{2706}$, 2667
Mutation Case No. 1-1802/17 Order dated on 05.03.2018	Land Measuring: 0.032 decimal Khila, Viti & Bagan land.	

Butted & bounded by (as per Valuation):

On the North: 60ft. wide Zakir Hossain Road, On the South: Residential building Priyangon (House No-13/A/1, Plot No.05, Road No.02), On the East: 20ft. wide Abdul Malek Road, On the West: 20ft. wide Abdul Malek Road. Along-with all structure & building constructed and or to be constructed thereon together with all rights, title, interest, benefits and easements etc. attached to scheduled property.

নিলামের শর্তাবলী :

১) প্রত্যেক দরপত্রদরদাতার নিজস্ব প্যাডে বা সাদা কাগজে স্পষ্ট অক্ষরে নিলাম ক্রেতার নাম, ঠিকানা, টেলিফোন নম্বর (যদি থাকে) প্রদত্ত দর অক্ষরে ও কথায় লিখিয়া এবং দরপত্র সীলমোহরকৃত খামে এবং খামের উপর স্পষ্ট অক্ষরে সম্পত্তি ক্রয়ের দরপত্র লিখিয়া দাখিল করিতে হইবে। ২) দরপত্র আগামী ২৭.০২.২০২০ইং তারিখ বেলা ৩.০০ ঘটিকার মধ্যে নিম্নবর্ণিত ঠিকানায় রক্ষিত দরপত্র বাক্সে সরাসরি বা রেজিষ্ট্রি ডাকযোগে জমা দিতে হইবে। ৩) প্রত্যেক দরদাতা, উদ্ধৃত দর অনূর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫% এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশলক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০%-এর সমপরিমাণ টাকার, জামানতস্বরূপ, ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার ২নং শর্তে উল্লেখিত ঠিকানায় ব্র্যাক ব্যাংক লি:-এর অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিবেন। ৪) অনূর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে এবং ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে, দরদাতা সমুদয় মূল্য পরিশোধ করিবেন এবং তাহা করিতে ব্যর্থ হইলে ব্যাংক জামানতের টাকা বাজেয়াপ্ত করিবেন। ৫) দরপত্রে প্রদত্ত মূল্য অস্বাভাবিক কম/অপর্যাপ্ত প্রতিয়মান হইলে এবং কম জামানত প্রদানকারী কিংবা ত্রুটিপূর্ণ দরপত্র সরাসরি বাতিল বলিয়া গণ্য হইবে। ৬) উপরে বর্ণিত (৩) ও (৪)-এর অধীনে প্রথম সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক ইচ্ছা করিলে দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে সম্পত্তি ক্রয়ে আহ্বান করিতে পারিবেন। ৭) নিলামে অংশগ্রহণ ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য জানিবার জন্য এবং নিলামে অংশগ্রহণের পূর্বে বন্ধকী সম্পত্তি সম্পর্কিত যাবতীয় দলিলাদি পর্যবেক্ষণ করার জন্য ব্যাংকের উক্ত ঠিকানায় অফিস চলাকালীন সময়ে যোগাযোগ করিতে পারিবেন। ৮) কোন কারণ দর্শানো ব্যতিরেকে হস্তান্তর দলিল সম্পাদন হওয়ার পূর্ব পর্যন্ত দরপত্র বাতিল করিবার অধিকার ব্র্যাক ব্যাংক লি: সংরক্ষণ করে। আদালতের কোন আদেশ অথবা রায়ের কারণে দরপত্র বাতিল করার ক্ষেত্রে সফল দরদাতাকে শুধুমাত্র তাহাদের জমাকৃত টাকা ফেরত দেওয়া হইবে। দরপত্র গৃহীত হয় নাই এমন দরপত্রদাতাদেরকে তাহাদের জামানতের টাকা যথাশীঘ্র সম্ভব (১ম ও ২য় সর্বোচ্চ দরদাতা ব্যতিরেকে) ফেরত দেওয়া হইবে। ৯) দরদাতাগণ বা তাহাদের প্রতিনিধিগণ (যদি উপস্থিত থাকেন)-এর সম্মুখে আগামী ২৭.০২.২০২০ইং তারিখে বিকেল ৩.০০ ঘটিকায় ২নং শর্তে উল্লেখিত ব্র্যাক ব্যাংক লি:-এর অফিসে দরপত্র বাক্স খোলা হইবে। ১০) সফল দরদাতাকে তফসিলে বর্ণিত সম্পত্তি হস্তান্তর সংক্রান্ত রেজিষ্ট্রেশন খরচ, হস্তান্তর ফি, ষ্ট্যাম্প ডিউটি, উৎস কর (প্রযোজ্য ক্ষেত্রে), অন্যান্য খরচ, দলিল নিবন্ধন সংক্রান্ত যাবতীয় খরচ এবং উহার উপর কোন পাওনা বা দাবী থাকিলে তাহা বহন করিতে হইবে। রেজিষ্ট্রেশন খরচসহ বর্ণিত সকল খরচের বিষয়ে কোন অসাধুপায় অবলম্বন করিলে উহার উদ্ভূত দায়-দায়িত্ব সংশ্লিষ্ট নিলাম ক্রেতাকে বহন করিতে হইবে। ব্র্যাক ব্যাংক কর্তৃপক্ষ কোনভাবে দায়ী থাকিবে না। ১১) বর্ণিত সম্পত্তির উপর কোন সরকারী, আধা সরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের, বিসিক, সিটি কর্পোরেশন, ওয়াসা, পিডিবি, গ্যাস সরবরাহ প্রতিষ্ঠান উন্নয়ন কর ইত্যাদিসহ অন্য যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তা পরিশোধের কোন দায়-দায়িত্ব ব্র্যাক ব্যাংক লিমিটেড-এর উপর বর্তাইবে না। উক্ত খরচ দরপত্র দাতা/ক্রেতা বহন করিবেন। ১২) সফল দরদাতাকে অর্থঋণ আদালত আইন-২০০৩-এর ১২(৫) ধারা মোতাবেক সম্পত্তি দখল প্রদানের বিষয়ে সহযোগিতা করা হইবে

দরপত্র দাখিলের ঠিকানা : লিগ্যাল এন্ড রিকোভারী ডিভিশন, সেপাল প্লাটিনাম টাওয়ার, লেভেল-৩, ২৪৭-২৪৮, বীর উত্তম মীর শওকত আলী সড়ক, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮।

ফোন নং: ০১৭১৪০৮৪৫০৩, ০১৭১৪০৮৪৬০৬।

Date: 06.02.2020 "মানবকণ্ঠ" ।